

পারফিউম এবং আপনি

পারফিউমে আপনার
ব্যক্তিত্বের প্রকাশও ঘটে।
তবে তার আগে জানা চাই
কোন পারফিউমটি
আপনার জন্য...



মার্ক এন্টোনিক ক্লিওপেট্রার সৌন্দর্য ছাড়াও আরেকটি কারণে তার প্রেমে পাগল হয়েছিলেন, সেটি হচ্ছে ক্লিওপেট্রার পারফিউম। ক্লিওপেট্রা তার শরীরে দেয়া পারফিউমের গন্ধে মার্ক এন্টোনিকে নেশাগ্রস্ত করতে পেরেছিলেন। আর বিখ্যাত অভিনেত্রী মেরিলিন মনরো পৃথিবীকে বলে গিয়েছেন, ‘শ্যানেল নম্বর

ফাইভ’ ছাড়া তিনি রাতে ঘুমাতে পারতেন না।

গন্ধটি আপনার, এ ব্যাপারটিকে ঘিরেই পারফিউমের আনন্দ বিরাজ করে। অনেক ক্ষেত্রে আপনার পারফিউম ব্যক্তিসত্তা গড়ে তোলে। আপনার দেয়া পারফিউমের গন্ধ শুঁকে আশপাশের মানুষ বুঝতে পারে আপনি এসেছেন।

আগের তুলনায় পারফিউমের বাজার এখন অনেক বেশি আধুনিক, অনেক বৈচিত্র্যময়, অনেক পরিবর্তনশীল। সুদৃশ্য উপস্থাপনা দেখে বিভ্রান্ত হয়ে পড়া স্বাভাবিক। বিভ্রান্তি এড়িয়ে সঠিক সিদ্ধান্ত নিতে যে সর্বোৎকৃষ্ট ও মোক্ষম হাতিয়ার আপনার কাছে রয়েছে তা হচ্ছে আপনার নাক। এতো সব পারফিউমের ভিড়ে আপনাকে সেটিই বেছে নিতে হবে যার একটি আবেদনময়তা থাকবে এবং আপনার ব্যক্তিত্বের সঙ্গে যায়। এছাড়াও আপনার জানতে হবে কোন পার্টিতে কোন ধরনের পারফিউম ব্যবহার করতে হয়।

পারফিউম ব্যবহার করার আগে কিছু বিষয় বিবেচনায় আনতে হবে। যেমন ঋতুর ব্যাপারটি গ্রীষ্মে ঘামের কারণে হালকা ধরনের সেন্ট ব্যবহার করা উচিত। ত্বকের তৈলাক্তের মাত্রা বিবেচনায় রাখতে হবে। অনুজ্জ্বল ত্বক সেন্টকে অনেকক্ষণ ধরে রাখে, যেখানে শুষ্ক ত্বকের অনেক বেশি সেন্ট দরকার হয়। আপনার ব্যক্তিত্বের নিজস্ব রসায়ন বুঝতে হবে। খেয়াল রাখতে হবে, নিজস্ব জীবনধারার সঙ্গে পারফিউমটি সামঞ্জস্যপূর্ণ কি না।

শোভন কবীর

পারফিউম টিপস

■ প্রথমেই পারফিউমের কোটা ভালো করে ঝাঁকিয়ে নেবেন। স্প্রে পারফিউম হলে লাগাতে কোনো অসুবিধা নেই। লিকুইড হলে তর্জনীর সাহায্যে শরীরের পালস পয়েন্ট ও উষ্ণ স্থানে সামান্য পরিমাণে লাগান। কিন্তু বাহুমূলে কখনো পারফিউম লাগাবেন না।

■ পারফিউম ব্যবহারের পর ভালো করে কৌটার মুখ বন্ধ করে রাখবেন। চেষ্টা করবেন অল্প সময়ের মধ্যে পারফিউম ব্যবহার করে ফেলার। মোড়ক খোলার পর বেশিদিন ফেলে রাখলে পারফিউমে মেশানো অ্যালকোহল উবে যায় এবং কার্যকারিতা কমে যাওয়ার ফলে গন্ধেরও পরিবর্তন ঘটে।

■ বসন্তকালে পারফিউম ব্যবহারে খুব অল্প সময়েই মিষ্টি সুগন্ধে চারদিক ভরে যায়। কিন্তু শীতকালে অত তাড়াতাড়ি সুগন্ধ ছড়ায় না। আবার গরমের সময় সামান্য পরিমাণে পারফিউম লাগালে বেশ কাজ হয়।